

জনাব মোঃ আবদুল হালিম সচিব, শিল্প মন্ত্রণালয়

এর

বিসিক শিল্পনগরী, কালুরঘাট, চট্টগ্রাম পরিদর্শন প্রতিবেদন

গত ২২ ডিসেম্বর ২০১৯ তারিখ রবিবার সকাল ১০.৩০ টায় শিল্প মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আবদুল হালিম চট্টগ্রাম জেলাস্থ বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন, বিসিক শিল্পনগরী, কালুরঘাট চট্টগ্রাম পরিদর্শন করেন। পরিদর্শনকালে জনাব মোঃ মোসতাক হাসান এনডিসি চেয়ারম্যান, বিসিক এবং বিসিকের আঞ্চলিক কর্মকর্তাসহ জনাব দীপঙ্কর রায়, সচিব মহোদয়ের একান্ত সচিব উপস্থিত ছিলেন। এসময় তিনি সরেজমিনে বিসিক শিল্পনগরী, কালুরঘাট, ঘুরে দেখেন। পরে প্রশাসন ভবনে সার্বিক অবস্থা নিয়ে কর্মকর্তাদের সাথে সংক্ষিপ্ত মতবিনিময় করেন।

২.০। কারখানার সার সংক্ষেপ:

সভায় বিসিক শিল্পনগরী, কালুরঘাট চট্টগ্রাম সম্পর্কে নিম্নোক্ত তথ্য উপস্থাপন করা হয়:

১. শিল্প নগরীর নামঃ	বিসিক শিল্পনগরী, কালুরঘাট (সম্প্রসারণ), চট্টগ্রাম		
২. শিল্প নগরী স্থাপনের কালঃ	১৯৮০-১৯৯০ খ্রি.		
৩. ভূমি হুকুম দখলের তারিখঃ	০১.০২.১৯৮২ ও ২৭.০৬.১৯৮৩ খ্রি.		
৪. প্রকল্প ব্যয়ঃ	৩৩৮.৫৪ লক্ষ টাকা		
৫. মোট জমির পরিমাণঃ	৩১.৫৪ একর		
৬. বরাদ্দযোগ্য শিল্প প্লটে জমির পরিমাণঃ	২৫.৪৮ একর		
৭. অফিস, রাস্তা ও ডেনে ব্যবহৃত জমির পরিমাণঃ	৫.৮৮ একর		
৮. মসজিদঃ	০.১৮ একর		
৯. মোট প্লটের সংখ্যাঃ	২৫৫ টি		
১০. বরাদ্দকৃত প্লটের সংখ্যাঃ	২৫৫ টি		
১১. বরাদ্দের অপেক্ষায় প্লটের সংখ্যাঃ	নাই		
১২. মোট শিল্প ইউনিটের সংখ্যাঃ	১২৭ টি		
১৩. উৎপাদিত শিল্প ইউনিটঃ	১০১ টি		
১৪. উৎপাদনযোগ্য শিল্প ইউনিটঃ	নাই		
১৫. রুগ্ন/নিষ্ক্রিয় শিল্প ইউনিটঃ	২৩ টি (ব্যাকের মামলা-১১ টি)		
১৬. নির্মাণাধীন শিল্প ইউনিটঃ	০৩ টি		
১৭. নির্মাণের অপেক্ষায় শিল্প ইউনিটঃ	-		
১৮. পাকা রাস্তাঃ	৭৮৪৫ আর এফ টি		
১৯. ডেনঃ	১২৯৭৬ আরাফেট		
২০. মোট জমির মূল্য (একর প্রতি নগদে)ঃ	১৮ কোটি		
২১. মোট কর্মসংস্থানঃ	৬৫,০০০ জন।	পুরুষ	২৫,৯০০ জন
		মহিলা	৩৯,১০০ জন
২২. মোট বিনিয়োগঃ	১২৬৬ কোটি		
২৩. রপ্তানিমুখী শিল্প ইউনিটঃ	৫৫ টি		
	পণ্যের নাম	সংখ্যা	রপ্তানিকৃত দেশের নাম
	তৈরি পোষাক	৪৫ টি	ইউরোপ, আমেরিকা
	প্যাকেজিং	৫ টি	ইউরোপ, আমেরিকা
	খাদ্য ও খাদ্যজাত	৩ টি	এশিয়া, ইউরোপ, মধ্যপ্রাচ্য
	কেমিক্যাল/প্লাস্টিক	২ টি	এশিয়া, ইউরোপ, আমেরিকা


২৪. এক নজরে বিসিক শিল্পনগরী কালুরঘাট (সম্প্রসারণ), চট্টগ্রামের খাতওয়ারী শিল্প ইউনিটের তথ্য:

শিল্পখাত	উৎপাদনরত	উৎপাদনের জন্য প্রস্তুত	নির্মাণাধীন	রুগ্ন/বন্ধ	মোট
খাদ্য ও খাদ্যজাত	৪ টি	-	-	০৯ টি	১৩ টি
টেক্সটাইল	৪১ টি	-	০২ টি	০৪ টি	৪৭ টি
ইঞ্জিনিয়ারিং	১৪ টি	-	-	০২ টি	১৬ টি
কেমিক্যাল/প্লাস্টিক	২৩ টি	-	০১ টি	০৫ টি	২৯ টি
লেদার/রাবার	০৪ টি	-	-	০১ টি	০৫ টি
পেপার/প্যাকেজিং	০৮ টি	-	-	০১ টি	০৯ টি
কাঠ ও বনজ	০৪ টি	-	-	-	০৪ টি
গ্যাস/সিরামিক	০২ টি	-	-	০১ টি	০৩ টি
ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক	০১ টি	-	-	-	০১ টি
বিবিধ	--	-	-	-	-
মোট	১০১ টি		০৩ টি	২৩ টি	১২৭ টি

মতবিনিময় শেষে সচিব মহোদয় নিয়োক্ত নির্দেশনা প্রদান করেন:

- ১) মামলা নিষ্পত্তি করে বন্ধ হওয়া কারখানা/শিল্প ইউনিট চালু করতে হবে অথবা বরাদ্দ বাতিলপূর্বক মালিকানা পরিবর্তন করে শিল্প ইউনিট/কারখানা চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।
- ২) জেলা সমন্বয় সভায় বিসিক কর্মকর্তাদের উপস্থিত হতে হবে। জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার ও স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে বিরাজমান সমস্যার সমাধান বের করতে হবে।
- ৩) উদ্যোক্তা তৈরির কার্যক্রম হাতে নিতে হবে। তাদের জন্য ট্রেনিং এর আয়োজন করতে হবে। স্কিটের মাধ্যমে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।
- ৪) শিল্প কারখানায় কর্মরত শ্রমজীবীদের জন্য ট্রেনিং এর আয়োজন করতে হবে। তাদেরকে দক্ষ করে তুলতে হবে। সস্তা শ্রমিক নয়, স্কিলড ম্যানপাওয়ার বা দক্ষ জনবল তৈরি করার জন্য বিসিককে ট্রেনিং কার্যক্রম নিতে হবে।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের উদ্যোগ নিয়ে গৃহীত কার্যক্রম আগামী এক মাসের মধ্যে শিল্প মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৮.০১.২০২০

দীপঙ্কর রায়

সচিবের একান্ত সচিব
(সিনিয়র সহকারী সচিব)

শিল্প মন্ত্রণালয়

ফোন নম্বর: ০৮+০২ ৯৬৫৩৫৮২


ই-মেইলঃ ps2secy@moind.gov.bd

স্মারক নম্বর: ৩৬.০০.০০০০.০২১.১৬.০০৩.১৮- ৩৪৫/১২

তারিখঃ ২৪ পৌষ ১৪২৬
০৮ জানুয়ারি ২০২০

বিতরণ, সদয় অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) অতিরিক্ত সচিব (বিসিক) শিল্প মন্ত্রণালয় (সচিবের নির্দেশনা বাস্তবায়নের জন্য চেয়ারম্যান, বিসিআইসিকে পত্র দেয়ার জন্য অনুরোধসহ)
- ২) চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, ঢাকা
- ৩) পরিচালক (সকল), বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, ঢাকা
- ৪) জেলা প্রশাসক, চট্টগ্রাম
- ৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়
- ৬) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়
- ৭) উপসচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয়
- ৮) সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয় (শিল্প মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৯) সিনিয়র সহকারী সচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয়
- ১০) আঞ্চলিক কর্মকর্তা, বিসিক আঞ্চলিক অফিস, চট্টগ্রাম
- ১১) শিল্পনগরী কর্মকর্তা, বিসিক শিল্পনগরী, কালুরঘাট, চট্টগ্রাম
- ১২) অফিস কপি।


সচিবের একান্ত সচিব
(সিনিয়র সহকারী সচিব)
শিল্প মন্ত্রণালয়

০৮.০১.২০